ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৮১৬

খোয়াই, ১৫ নভেম্বর, ২০২৫

**প্রধানমন্ত্রী ভার্চুয়ালি পদ্মবিল ব্লকের আখড়াবাড়িতে ৪৮০ আসন বিশিষ্ট একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলের উদ্বোধন করেন**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভার্চুয়ালি পদ্মবিল ব্লকের আখড়াবাড়িতে ৪৮০ আসন বিশিষ্ট একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলের উদ্বোধন করেন। এ উপলক্ষে বিদ্যালয় প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিধায়ক রঞ্জিত দেববর্মা বক্তব্য রাখতে গিয়ে বলেন, জনজাতি অংশের ছেলেমেয়েদের শিক্ষার মানোন্নয়নে একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল ভবন নির্মাণ একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই বিদ্যালয়টি খোয়াই জেলার শিক্ষাক্ষেত্রে নতুন দিগন্তের সূচনা করবে এবং জনজাতি অংশের ছেলেমেয়েদের গুণগত মানের শিক্ষার সুযোগ তৈরি করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন টিটিএএডিসি'র কার্যনির্বাহী সদস্য সোহেল দেববর্মা, পদ্মবিল ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা ও ভাইস চেয়ারম্যান সুরজিৎ দেববর্মা, খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, রামচন্দ্রঘাট এলাকার বিশিষ্ট সমাজসেবী সুকেশ দেববর্মা, একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলের প্রধান শিক্ষিকা সাগরিকা দাস প্রমুখ। উল্লেখ্য, এই বিদ্যালয়ের নির্মাণ কাজে ৪৮ কোটি টাকা ব্যয় হয়েছে।

******